গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ মাকছুদা খাতুন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ১৮-১২-২০১৭ খ্রি: |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | বিদ্যুৎ বিভাগের সম্মেলন কক্ষ, বিদ্যুৎ ভবন, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, ১৫-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

| ক্রম নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | ইনোভেশন টিম পুনর্গঠন | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন টিম পুনর্গঠন করেছে। আগামী সভায় স্ব-স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন অফিসার সভায় অংশগ্রহণের বিষয়ে আলোচনা হয়। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ইনোভেশন টিম পুনর্গঠন করেছে। তবে টিমের কোন সদস্য বদলিজনিত কারণে পরিবর্তন হলে টিম আগামী ৭ দিনের মধ্যে পুনঃগঠন করবে ও সফটকপি এ বিভাগে প্রেরণ করবে এবং আগামী ইনোভেশন টিমের সভায় শুধুমাত্র ইনোভেশন অফিসার অংশগ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ০২ | ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন | বিদ্যুৎ বিভাগ ও অধিনস্ত দপ্তর/ সংস্থা/ কোম্পানির ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের বাৎসরিক ইনোভেশন কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করেছে। তবে সভাপতি ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানি তাদের ইনোভেশন টিমের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করবে এবং কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ০৩ | ইনোভেশন সংক্রান্ত ৫ দিনের প্রশিক্ষণ আয়োজন | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/ সংস্থা/ কোম্পানির ইনোভেশন টিমের ৫ জন করে সদস্যের সমন্বয়ে ৫ দিনের প্রশিক্ষণ সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের ৫ জন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং ৫ জন বিকল্প ফোকাল পয়েন্ট | দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমের ৫ জন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং ৫ জন বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নামের তালিকা আগামী ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে এবং প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে পাওয়ার সেল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি ও পাওয়ার সেল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তাদের নামের তালিকা আগামী ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। ৫ দিনের প্রশিক্ষণের আয়োজনের বিষয়ে পাওয়ার সেল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ০৪ | উদ্ভাবনী উদ্যোগ শোকেসিং | এতদ বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন আমাগী জানুয়ারী ২০১৮ সালে কেবিনেট ডিভিশন, এটুআই এর সমন্বয়ে এবং বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন উদ্যোগসমূহ শোকেসিং করার উদ্যোগ নেয়া হয়েছে।<br>সেক্ষেত্রে সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন আইডিয়াসমূহ এ বিভাগে প্রেরণ করবে পরে সেটা যাচাই/বাছাই করে শোকেসিং এ উপস্থাপন করা হবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন আইডিয়াসমূহের তালিকা আগামী ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে। | দপ্তর/সংস্থা/কোম্পানি |
| ০৫ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কতজন কর্মকর্তাকে প্রনোদনা প্রদান করা হয়েছে। (পুরস্কার/ডিও লেটার ইত্যাদি) | স্ব-স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগে ইনোভেশন সংক্রান্ত কাজের স্বীকৃতিস্বরুপ ক্রেষ্ট/ডিও পত্র/প্রণোদনা ইত্যাদি দেয়ার বিষয়ে আলোচনা হয়। | ক্রেস্ট/ডিওলেটার/ইনসেনটিভ প্রদান অব্যাহত রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| ০৬ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কতজন কর্মকর্তাকে বিদেশ প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির উদ্যোগে কর্মকর্তাদেরকে বিদেশে পাঠানোর উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকদের সবসময় অগ্রাধিকার দিতে হবে। | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির স্বীয় উদ্যোগে কর্মকর্তাদেরকে বিদেশে পাঠানোর উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে ইনোভেশন টিমের সদস্য ও উদ্ভাবকদের সবসময় অগ্রাধিকার দিতে হবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| ০৭ | মেন্টরিং | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের মেন্টর মনোনয়ন করেছেন মর্মে সভায় জানানো হয়। সভাপতি পিজিসিবির প্রতিনিধিকে মেন্টর নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পরামর্শ প্রদান করেন। | পিজিসিবি আগামী ৭ দিনের মধ্যে মেন্টর নিয়োগ করে মনোনয়ন এ বিভাগে প্রেরণ করবেন। | পিজিসিবি |
| ০৮ | ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানির নিজস্ব প্রশিক্ষণ মডিউলে "বিদ্যুৎ সেক্টরে ইনোভেশন" শিরোনামে ২ ঘন্টার প্রশিক্ষণ মডিউল যুক্ত করার বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সহায়তার জন্য প্রয়োজনে এটুআই এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হয়। | স্ব-স্ব দপ্তর/সংস্থা/কোম্পানি তাঁদের প্রশিক্ষণ কার্যক্রমে ইনোভেশন এর বিষয়টি যুক্ত করবে এবং প্রশিক্ষণ অব্যাহত রাখবে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |
| ০৯ | দপ্তর ভিত্তিক ফেসবুক পেজ তৈরি (সোস্যাল মিডিয়ার ব্যবহার) | বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানি তাদের নিজস্ব ফেসবুক পেজ খুলেছে এবং নিয়মিত আপডেট করছে। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ফেসবুক পেজ নিয়মিত আপডেট করতে হবে। প্রত্যেক ফেসবুক পেজের লিংক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | বিদ্যুৎ বিভাগ ও সকল দপ্তর/সংস্থা/কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | ই-ফাইলিং বাস্তবায়ন | সভায় ই-ফাইলিং বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, বেশিরভাগ দপ্তর/সংস্থা/কোম্পানিতে দ্বিতীয় ভার্সনের ই-ফাইলিং বাস্তবায়ন করা হয়েছে এবং ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিস্পত্তি করছেন। তবে নথি নিস্পত্তির সংখ্যা খুবই কম। সভাপতি এতদবিষয়ে ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিস্পত্তির সংখ্যা বৃদ্ধির পরামর্শ দেন। পিডিবির ই-ফাইলিং এর নথি নিস্পত্তির হার কম হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং পিডিবির প্রতিনিধিকে তার দপ্তরের ১০ জন কর্মকর্তার নামের তালিকা এ বিভাগে প্রেরণের জন্য পরামর্শ দেন। ফলে উক্ত কর্মকর্তাগণ বিদ্যুৎ বিভাগে ই-ফাইলিং কার্যক্রম হাতে কলমে শেখার সুযোগ পাবে এবং তাদের দপ্তরে বাস্তবায়ন করতে সহায়ক হবে। | বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিস্পত্তির সংখ্যা বৃদ্ধি করতে হবে। গৃহীত হয়। পিডিবি ১০ জন কর্মকর্তার নামের তালিকা এ বিভাগে প্রেরণ করবে এবং তারা বিদ্যুৎ বিভাগের ই-ফাইলিং কার্যক্রম হাতে কলমে শিখবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |
| ১১ | ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করণ। | সকল দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে আলোচনা হয়। বিশেষ করে হোম পেজ বাংলায় রূপান্তর করে সেটি ডিফল্ট পেজ হিসাবে রাখতে হবে। পরবর্তীতে অন্যান্য পেজ পর্যায়ক্রমে বাংলা ভার্সনে রূপান্তর করতে হবে। | দপ্তর/সংস্থা/কোম্পানি তাদের ওয়েবসাইট ইংরেজি সংস্করণের পাশাপাশি বাংলা সংস্করণ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল দপ্তর/ সংস্থা/কোম্পানি |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২।১।১৮

(মোছাঃ মাকছুদা খাতুন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বিদ্যুৎ বিভাগ